মেলান্দহ উপজেলা বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মোঃ রুহুল আমিন রাজু, জামালপুর প্রতিনিধিঃ জামালপুর জেলার মেলান্দহ উপজেলা জাতীয়তাবাদী দল বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বন্যায় নিহতদের আত্মার মাগফিরাত ও আহতদের সুস্থতা কামনা, সম্প্রতি ছাত্র জনতার আন্দোলনে শহীদ নেতাকর্মীদের আত্মার মাগফিরাত কামনা ও দেশনেত্রী বেগম খালেদা জিয়ার আশু সুস্থতা ও দীর্ঘায়ু কামনা এবং দেশনায়ক তারেক রহমানের সুস্থতা ও দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ১ সেপ্টেম্বর রবিবার বিকেলে মেলান্দহ উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মেলান্দহ উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আনোয়ারুল কাদির শ্যামল তালুকদার। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ সম্পাদক মেলান্দহ উপজেলা বিএনপির আহ্বায়ক ও মেলান্দহ -মাদারগঞ্জের প্রাণ প্রিয় জননেতা মোস্তাফিজুর রহমান বাবুল।

মেলান্দহ উপজেলা কৃষক দলের আহবায়ক মতিউর রহমান বাবুলুর সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন মেলান্দহ উপজেলা বিএনপির সদস্য সচিব বিশিষ্ট সাংবাদিক আলহাজ্ব নুরুল আলম সিদ্দিকী, মেলান্দহ উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক ও সাবেক সাধারণ সম্পাদক আলহাজ্ব এম,রফিকুল ইসলাম রহিম, মেলান্দহ পৌর বিএনপির সভাপতি আলহাজ্ব এডভোকেট মনোয়ার হোসেন হাওলাদার, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুল লতিফ আকন্দ, উপজেলা বিএনপির সদস্য ও দুরমুঠ ইউনিয়ন বিএনপির সভাপতি সাবেক চেয়ারম্যান সৈয়দ রাশেদুজ্জামান অপু, উপজেলা বিএনপির সদস্য মুন্জুরুল কবীর মুন্জু, উপজেলা বিএনপির সদস্য সিএনএফ ব্যবসায়ী মোঃ নুরনবী, নাংলা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জাকির হোসেন, হাজরাবাড়ী পৌর বিএনপির সদস্য সচিব শাহ তালাদ মাহমুদ, মাহমুদপুর ইউনিয়ন বিএনপির সদস্য সচিব তৈয়বুর রহমান মাষ্টার, উপজেলা বিএনপির সদস্য আব্দুল আলিম তালুকদার লেবু, ঘোষেরপাড়া ইউনিয়ন বিএনপির সভাপতি রেজাউল করিম বুলবুল, আরো উপস্থিত ছিলেন মেলান্দহ উপজেলা কৃষক দলের সাবেক সভাপতি ও উপজেলা বিএনপির সদস্য আলী আকবর, সাবেক সফল ছাত্রনেতা উপজেলা বিএনপির সদস্য আনিছুর রহমান আনিছ, উপজেলা যুবদলের সদস্য সচিব এম এ গফুর, পৌর যুবদলের আহবায়ক মোবারক

হোসেন, উপজেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক রুকনুজ্জামান রুকন, পৌর শ্রমিক দলের সভাপতি শাহাদাৎ হোসেন, মেলান্দহ উপজেলা ছাত্র দলের সদস্য সচিব রকিব হাসান রনি প্রমুখ।